দৈনিক ইনকিলাব

তারিখ 26 OCT 1992
পৃষ্ঠা ৫ কলাম ৩

25

শিক্ষাঙ্গন

## ক্যাডেট কলেজকে কৃষি মহাবিদ্যালয় করা হোক

গত ২-৮-৯২ তারিখে দৈনিক ইনকিলাব পত্রিকার শিক্ষা ও বিজ্ঞান কলামে সৈয়দ ফজলুল্লাহ লিখিত বিপন্ন শিক্ষা ব্যবস্থা, ক্যাডেট কলেজ শিক্ষা প্রসঙ্গে যে প্রতিবেদনটি প্রকাশিত হয়েছে তা পড়লাম। প্রতিবেদনে ক্যাডেট কলেজের যে-সব অনাকাঙ্ক্ষিত বা অনভিপ্রেত দিকের কথা বলা হয়েছে, যার কারণে যে উদ্দেশ্যে ক্যাডেট কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল সেটাই অধিকাংশ ক্ষেত্রে নিষ্ফল প্রমাণিত হচ্ছে।

একথা যদি সঠিক হয় তবে এত অর্থ ব্যয় করে তৃতীয় বিশ্বের এই গরীব বাংলাদেশে ক্যাডেট কলেজ রাখার কোন যুক্তি আছে বলে আমি মনে করি না।

যেখানে বিশ্ববিদ্যালয়ের ছাত্রের জনপ্রতি ব্যয় ২৩৭০৪.৬০ টাকা— সেখানে ক্যাডেটদের জনপ্রতি ব্যয় হয় ৭৭৭৭৭.৮৫ টাকা।

এত অর্থ ব্যয় ও আয়োজনের পরও যদি ক্যাডেট কলেজগুলো উদ্দেশ্য সাধনে ব্যর্থ হবে, তবে বাংলাদেশের জন্য ক্যাডেট কলেজের প্রয়োজন আছে বলে আমি মনে করি না। বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। বাংলাদেশের উন্নতি কৃষি উন্নয়নের উপর অনেক অংশে নির্ভরশীল, আর এই কৃষি উন্নয়নের জন্য প্রয়োজন উন্নত প্রযুক্তি সার, কীটনাশক ও যন্ত্রপাতি ইত্যাদি। সুতরাং বাংলাদেশে আরও প্রয়োজনীয় সংখ্যক কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি মহাবিদ্যালয়ের প্রয়োজন। একটি কৃষি মহাবিদ্যালয়ের জন্য যে পরিমাণ জমি, বিল্ডিং এবং অর্থ প্রয়োজন তার চেয়ে বেশী প্রত্যেকটি ক্যাডেট কলেজের আছে।

সুতরাং প্রত্যেকটি ক্যাডেট কলেজকে কৃষি মহাবিদ্যালয়-এ পরিণত করে জাতীয় সম্পদ এবং অর্থের অপচয় রোধ করার জন্য গণতান্ত্রিক সরকারের কাছে অনুরোধ করছি।

—মোঃ আবদুল হান্নান